

রাঙ্গামাটিতে শিক্ষার্থীদের যৌন হয়রানির অভিযোগে শিক্ষক শ্রেফতার

প্রতিনিধি পার্বত্য অঞ্চল

রাঙ্গামাটির জীবন্তনী চেম্বারম্যান পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কয়েকজন ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে কৃষিশিক্ষক অরুণ কুমার মুংসুখীকে গতকাল বৃহস্পতিবার বিকালে পুলিশ শ্রেফতার করেছে। পুলিশ জানিয়েছে, বাংলাদেশ লিগ্যাল এইডের (ব্লাই) সহায়তায় যৌন হয়রানি ঘটনার শিকার স্কুলছাত্রীর এক অভিভাবক মামলা দায়ের করে অতিবৃ্ত্ত শিকার কোতোয়ালি থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা দায়ের করেন। মামলা দায়েরের পর আদালত বিবেচনা-তবেলছড়ি বাছার এলাকা থেকে অতিবৃ্ত্ত শিকার অরুণ কুমার মুংসুখীকে আটক করা হয়েছে। শ্রেফতারকৃত শিকারকে আদালত জেলা আদালতে তোলা হবে। এদিকে রাঙ্গামাটি জেলা প্রশাসন কার্যালয় চত্বরে ওই শিকারকে অপসারণ ও শান্তির দাবিতে এলাকাবাসী ও বিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করেন। মানববন্ধন চলাকালে আয়োজিত প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন রিপি চাকমা। বক্তব্য রাখেন বাংলাদেশ সমাজতান্ত্রিক ফ্রন্টের জেলা শাখার জেলা সমন্বয়কারী বোধিসত্ত্ব চাকমা, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের জেলা শাখার সমন্বয়কারী তনয় হিপুরা, মারমা স্টুডেন্ট ইউনিটের সহ-সভাপতি উচিং মারমা, বাংলাদেশ সংগঠন স্টুডেন্ট ওয়েলফেয়ার ফোরামের সভাপতি কুমার সংগঠন, সোহেল চাকমা ও ক্রিস্টিনা চাকমা। ব্লাই-এর রাঙ্গামাটির প্রধান সমন্বয়কারী আডভোকেট জুয়েল দেওয়ান জানান, অতিবৃ্ত্ত ওই শিকার ও মুংসুখীকে যৌন নির্যাতন করেননি, এতই কুমারের আরও ৩ থেকে ৪ জন ছাত্রীকে যৌন নির্যাতন করেছেন। যা দুবই মারাত্মক অপরাধ। এ মামলায় শিক্ষার্থীদের অভিভাবকদের যাবতীয় আইনি সহায়তা দেয়া হবে ব্লাইয়ের পক্ষ থেকে।

কোতোয়ালি থানার ওসি সাইফুল আলম চৌধুরী ঘটনার সত্যতা যাচাই করে জানান, শিক্ষার্থীদের এক অভিভাবক মামলা দায়েরের পর অতিবৃ্ত্ত শিকার অরুণ কুমার মুংসুখীকে আটক করা হয়েছে।

উল্লেখ্য, রাঙ্গামাটি সদর উপজেলায় অবস্থিত জীবন্তনী চেম্বারম্যান পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিকার অরুণ কুমার মুংসুখী কয়েক মাস ধরে কুমারের কয়েকজন ছাত্রীকে যৌন হয়রানি করছেন বলে অভিযোগ। এতে অভিভাবকরা উপজেলা শিক্ষা কর্মকর্তাকে জানানোর পর শিকার সমিতির একটি তদন্ত দল ঘটনা তদন্ত করেন এবং সভাপতির প্রমাণ পান।